

আবার হরতাল ঢাকা ও চট্টগ্রাম নগর আওতামুক্ত

নিজস্ব প্রতিবেদক|আপডেট: ০২:২৭, মার্চ ৩০, ২০১৫| প্রিন্ট সংস্করণ

পাঁচ দিন বিরতির পর আবার হরতাল ডেকেছে বিএনপির নেতৃত্বাধীন ২০-দলীয় জোট। ঢাকা ও চট্টগ্রাম মহানগর ছাড়া সারা দেশে আজ সোমবার সকাল ছয়টা থেকে বুধবার সকাল ছয়টা পর্যন্ত টানা ৪৮ ঘণ্টার হরতাল ডেকেছে তারা। পাশাপাশি অবরোধ অব্যাহত থাকবে।

গতকাল রোববার এক বিবৃতিতে ২০-দলীয় জোটের পক্ষে বিএনপির যুগ্ম মহাসচিব বরকত উল্লাহ এই কর্মসূচি ঘোষণা করেন। জোটের সূত্র জানায়, সিটি করপোরেশন নির্বাচন সামনে রেখে ঢাকা ও চট্টগ্রাম মহানগর হরতালের আওতামুক্ত রাখা হয়েছে। তবে সারা দেশে লাগাতার অবরোধ অব্যাহত থাকছে।

গত ৬ জানুয়ারি থেকে ২০-দলীয় জোট টানা অবরোধ কর্মসূচি পালন করছে। এর পাশাপাশি মাঝে মাঝে টানা হরতাল দিচ্ছে।